



বাংলাদেশ চা গবেষণা ইনসিটিউট

(বাংলাদেশ চা বোর্ডের একটি অঙ্গ প্রতিষ্ঠান)

শ্রীমঙ্গল-৩২১০, মৌলভীবাজার।

www.btri.gov.bd

E-mail: director@btri@gmail.com



স্মারক নং: বিটিআরআই/২/দসঃ/০৮(ভলি ৯) - ১৮৭৪(৭)

তারিখ-১৪/১২/২০২২

বিষয়ঃ বিটিআরআই-এর কালিটি উপকেন্দ্রে ২টি শ্রমিকগৃহ, ২টি পাকা টয়লেট ও ১টি টিউবওয়েল নির্মাণ কাজের কার্যাদেশ।

সূত্র : ১। আপনার প্রদত্ত গত ১৭.১১.২০২২খ্রিৎ তারিখের বিটিআরআই/২/দসঃ/০৮(ভলি ৯-১৫৭৫ সংখ্যক স্বারকের দরপত্র।

২। বিটিআরআই এর সহিত ১৪.১২.২০২২ তারিখের স্বাক্ষরিত চুক্তিপত্র।

উপরোক্ত বিষয় ও সূত্রে বর্ণিত দরপত্র ও চুক্তিনামার প্রেক্ষিতে বিটিআরআই-এর কালিটি উপকেন্দ্রে ২টি শ্রমিকগৃহ, ২টি পাকা টয়লেট ও ১টি টিউবওয়েল নির্মাণ কাজের জন্য তার প্রতিষ্ঠানের দাখিলকৃত দর ১১, ৪৩, ৯৮০.৮৪/- (এগারলক্ষ তেতালিশ হাজার নয়শত আশি টাকা চুরাশি পয়সা) টাকা একমাত্র গ্রহনযোগ্য সর্বনিম্ন হওয়ায় তার প্রতিষ্ঠানের গত ১৭/১১/২০২২ খ্রিস্টাব্দ তারিখের দাখিলকৃত দরপত্র যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হয়েছে।

২. বর্ণিত অবস্থায়, কার্যাদেশ জারীর ৯০ (নেৰই) দিনের মধ্যে অর্থাৎ ১৪/১২/২০২২ খ্রিৎ হতে ১৭/০৩/২০২৩ খ্রিৎ পর্যন্ত কাজের মান শতভাগ টিক রেখে কার্যসম্পাদনের সংযুক্ত শর্তাবলী উপরোক্ত কাজ সম্পাদন নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি:

- (১) কার্যসম্পাদন ও চুক্তির বিশেষ শর্তাবলী -২ (দুই) ফর্ড।
- (২) চুক্তিপত্র -৩ (তিনি) ফর্ড।

১৪.১২.২০২২

(ড. ইসমাইল হোসেন)
পরিচালক (ভারপ্রাপ্ত)

মোঃ পারভেশ রিয়া

এনআইডি: ৫৮১৩৫৫৬৬০১৩৫

মেসার্স সাগর ট্রেডাস

উপজেলা চতুর, চুরী

মৌলভীবাজার।


অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুশিষ্ট:

- ১। সিএসও (কৃষিতত্ত্ব), বিটিআরআই, শ্রীমঙ্গল, সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য।
- ২। সিএসও (উচ্চিদ রোগতত্ত্ব), বিটিআরআই, শ্রীমঙ্গল, ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য।
- ৩। সহকারী প্রকৌশলী (পূর্তি), বিটিআরআই, শ্রীমঙ্গল, সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য।
- ৪। প্রশাসনিক কর্মকর্তা, বিটিআরআই, শ্রীমঙ্গল।
- ৫। হিসাব বক্ষক, বিটিআরআই, শ্রীমঙ্গল।
- ৬। পি এ টু সদস্য (গবেষণা ও উন্নয়ন), ১৭১-১৭২ বায়েজিদ বোঞ্চামী রোড, চট্টগ্রাম, বিষয়টি মহোদয়ের সদয় নজরে আনয়নের জন্য।
- ৭। পি এ টু পরিচালক, বিটিআরআই, বিষয়টি পরিচালক মহোদয়ের সদয় নজরে আনয়নের জন্য।

কার্যসম্পাদন ও চুক্তির বিশেষ শর্তাবলী

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনার জন্য এখানে বর্ণিত শর্তাবলী চুক্তিবদ্ধ উভয়পক্ষ (ক্রয়কারী এবং ঠিকাদার) মেনে চলতে বাধ্য থাকবে।
২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।
৩. ঠিকাদারকে চুক্তি স্বাক্ষর হওয়ার ০৭ [সাত] দিনের মধ্যে কাজ শুরু এবং ৯০ [নবাই] দিনের মধ্যে সর্বোত্তমাবে চুক্তির বিধান এবং সংস্থান অনুসারে কাজ সম্পন্ন করতে হবে।
৪. ঠিকাদার অবিলম্বে ক্রয়কারীকে কাজের একটি কর্মসূচি জমা দিবে যেখানে সকল কাজ এবং কাজের অংগসমূহের সময়কাল থাকবে।
৫. ঠিকাদার আনুপ্রাপ্তিক হারে কাজের অগ্রগতি বজায় রাখবে। অগ্রগতি নির্ধারণ করা হবে সম্পাদিত কাজের মূল্যের ভিত্তিতে।
৬. যদি ক্রয়কারী সাইট হস্তান্তর করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দুর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য অন্য কোন যুক্তিসংজ্ঞাত ও যথাযথভাবে লিপিবদ্ধ কোন কারণ থাকে তবে প্রত্যাশিত কার্য সমাপ্তির সময়সীমা বর্ধিত করা যাবে।
৭. ক্রয়কারী ঠিকাদার দ্বারা কৃত কাজসমূহ পরীক্ষা এবং সত্যায়িত করবে এবং সনাত্তকৃত যেকোনো ত্রুটি সম্পর্কে ঠিকাদারকে অবগত করবে।
৮. কোন টেক্স্টিং এবং পরীক্ষা সত্ত্বেও, ক্রয়কারী চাকুৰ পরিদর্শন বা মাঠ পর্যায়ের পরীক্ষা দ্বারা ঠিকাদারকে নিয়োক্ত নির্দেশ দিতে পারবে:
 - ক। চুক্তি অনুযায়ী হয় নাই এমন কাজ বা তার অংশের অপসারণ এবং প্রতিস্থাপন;
 - খ। চুক্তি অনুযায়ী হয় নাই এমন কাজ বা তার অংশের অপসারণ এবং পুনঃ সম্পাদন; এবং
 - গ। কাজের নিরাপত্তার জন্য জরুরীভাবে প্রয়োজনীয় যে কোন কাজ সম্পাদন করা।
৯. ঠিকাদার প্রযোজ্য আইনের অধীনে সমস্ত কর, শুল্ক, ফি এবং অন্যান্য লেভিস পরিশোধের জন্য সম্পূর্ণরূপে দায়ী থাকবে।
অন্য কোন নীতিনীতি থাকা সত্ত্বেও, পরিমাপ পদ্ধতি এবং পরিশোধের ধরন কার্যের পরিমাণগত হিসাব সহলিত তফসিল অনুসারে হবে: (একক-দুর ভিত্তিতে)
১০. ঠিকাদারের দর বা মূল্যে মুনাফা, ওভারহেড, সব ধরনের কর, শুল্ক, ফি, লেভিস ও প্রযোজ্য আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।
১১. মোট চুক্তিমূল্য ১১,৪৩,৯৮০.৮৪/- (এগারলক্ষ তেতাল্লিশ হাজার ময়শত আশি টাকা চুরাশি পয়সা) টাকা মাত্র।
১২. অতিরিক্ত কার্যাদেশের অধীনে কোন কার্যের অনুমতি দেয়া যাবে না এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধি ৬৯(১) এবং ৬৯(৬) এর (ক) ও (গ) সাপেক্ষে ভেরিয়েশন আদেশের অধীনে কাজ (থোক ভিত্তি ছাড়া) কোন ক্রমেই চুক্তি মূল্যের পনেরো (১৫) শতাংশের বেশি হতে পারবে না।
১৩. প্রয়োজন হলে ক্রয়কারী বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনসমূহ মূল চুক্তিতে সংযোজন করে পরবর্তী সময়ে চুক্তি সংশোধন করতে পারবে।
১৪. ক্রয়কারী ঠিকাদারের প্রতিটি চলতি মূল্য পরিশোধের বিবরণী থেকে রক্ষণযোগ্য অর্থ (অর্থাৎ গতানুগতিক নিরাপত্তা জামানত) হিসাবে দশ (১০) শতাংশ হারে অথবা অন্য কথায় বিয়োগ করে রাখতে পারবেন।
১৫. ঠিকাদার নোটিশের মাধ্যমে ক্রয়কারীর নিকট কার্য সমাপ্তির সনদ জারির জন্য আবেদন করবে এবং ক্রয়কারীও কার্য যথাযথভাবে সম্পূর্ণ হওয়ার সাপেক্ষে তা জারি করবে।
১৬. ঠিকাদারের আবেদন প্রাপ্তির সাত (৭) কার্যদিবসের মধ্যে ক্রয়কারী
 - ক। চুক্তি অনুযায়ী কার্য সম্পন্ন হয়েছে মর্মে সমাপ্তির সনদ ঠিকাদার বরাবর ইস্যু করবে, অথবা
 - খ। কারণ উল্লেখপূর্বক এবং সমাপ্তির সনদ ইস্যু করণার্থে যে সব কার্যসমূহ সম্পাদন করা/পুনরায় করা প্রয়োজন তা উল্লেখ করে ঠিকাদারের আবেদন বাতিল করবে।
১৭. ক্রয়কারী কার্য সম্পাদন সনদ জারি করার ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে সাইট এবং কার্য প্রহণ করবে।
১৮. ঠিকাদার দ্বারা চূড়ান্ত মূল্য পরিশোধের আবেদনের চৌদ্দ (১৪) দিনের মধ্যে ক্রয়কারী প্রয়োজনীয় সংশোধন বা সংযোজনের পরিসর উল্লেখ করে ত্রুটি সংশোধনের সনদ জারি করতে পারে।
১৯. ক্রয়কারী কর্তৃক কার্য সমাপ্তির সনদ জারি হওয়ার তারিখ থেকে কার্যের ত্রুটিজনিত দায়ের মেয়াদ ১২ (বার) মাস হবে।
২০. ত্রুটিজনিত দায়ের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর এবং এই মেয়াদ শেষ হওয়ার পূর্বে ক্রয়কারী কর্তৃক ঠিকাদারকে নোটিশ করা সকল ত্রুটি সংশোধন
- করা হয়েছে মর্মে ক্রয়কারী ত্রুটি সংশোধন সংক্রান্ত সনদ জারি করবে।
২১. ক্রয়কারী কর্তৃক নোটিশ করা ত্রুটি সংশোধন না হওয়া পর্যন্ত ত্রুটিজনিত দায়ের মেয়াদ সম্প্রসারিত হবে।

২২. ক্রয়কারীর নোটিশে উল্লিখিত নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার ত্রুটি সংশোধন না করলে ক্রয়কারী ত্রুটি সংশোধন করার ব্যয় মূল্যায়ন করবে এবং ঠিকাদার ত্রুটি সংশোধনের উক্ত ব্যয় পরিশোধ করতে দায়ী থাকবে।
২৩. ঠিকাদার কাজ সম্পাদনের সময় ক্রয়কারীকে সকল প্রকার ক্ষতি থেকে রক্ষা করবে ও দায়মুক্ত রাখবে এবং তার নিজের সম্পত্তির বা জীবনের, তার শাশ্বত/কন্যার ক্ষতি, ক্রয়কারী অথবা যেকোনো তৃতীয় পক্ষের যেকোনো কন্যার কাজ সম্পাদনের সময় উক্ত যে কোনো দাবি ঠিকাদার দ্বারা তার নিজের খরচে ও দায়িত্বে নিষ্পত্তি করবে।
২৪. কার্য শুরুর তারিখ হতে ত্রুটিগুর্ণ দায়ের মেয়াদ পর্যন্ত যদি ঠিকাদারের কারণে মূল কার্যের মধ্যে অন্তর্ভুক্ত কার্য বা উপকরণের ক্ষয় ক্ষতি হয় তা ঠিকাদার নিজস্ব খরচে মেরামত করবে।
২৫. ত্রুটিজনিত দায়ের মেয়াদ শেষ হওয়ার একুশ (২১) দিনের মধ্যে রক্ষণযোগ্য অর্থ ঠিকাদারকে ফেরত দিতে হবে।
২৬. ক্রয়কারী ঠিকাদারকে লিখিত নোটিশ প্রদানের মাধ্যমে যে কোনো সময় সম্পূর্ণ বা আংশিক চুক্তি বাতিল করতে পারবে যদি ঠিকাদার:
- ক। নির্দিষ্ট সময়ের মধ্যে চুক্তি স্বাক্ষর বা কার্য শুরু না করতে পারে।
 - খ। কর্মসূচি অনুযায়ী কাজের সম্মতভাবে অগ্রগতি অর্জনে ব্যর্থ হয়।
 - গ। নকশা, অঙ্কন এবং বিনির্দেশ অনুযায়ী কাজ সম্পাদন করতে ব্যর্থ হয়।
 - ঘ। ক্রয়কারীর লিখিত নোটিশ প্রাপ্তির পরে নোটিশে উল্লিখিত নির্দিষ্ট সময়ের মধ্যে ক্রতি সংশোধন না করে।
 - ঙ। ক্রয়কারীর বিবেচনায় কার্যের প্রতিযোগিতা বা কার্য সম্পাদন করার সময় দুর্নীতিমূলক, প্রতারণামূলক, চক্রান্তমূলক বা জবরদস্তিমূলক আচরণে লিপ্ত থাকে।
 - চ। চুক্তি অনুসারে অন্যান্য বাধ্যবাধকতা পালনে ব্যর্থ হয়।
২৭. চুক্তি বা এর ব্যাখ্যা হতে উক্ত সকল সম্ভাব্য মতবিরোধ ক্রয়কারী এবং ঠিকাদার আপোসে মীমাংসার করার জন্য সর্বোচ্চ চেষ্টা করবে।
২৮. ঠিকাদার পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬-এর ধারা ৬৪ নং ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধি ১২৭ অনুসারে দুর্নীতিমূলক, প্রতারণামূলক, চক্রান্তমূলক বা জবরদস্তিমূলক বিধান সম্পর্কে সচেতন ও দায়বদ্ধ থাকবে।
২৯. বর্ণিত কাজের টেক্সার সিডিউলের সকল শর্তাদি প্রযোজ্য হবে।



১৪.১১.২০২২
 (ড. ইসমাইল হোসেন)
 পরিচালক (ভারপ্রাপ্ত)

মোঃ পারভেশ হিয়া
 এনআইডি: ৫৮১৩৫৫৬৬০১৩৫
 মেসার্স সাগর ট্রেডাস
 উপজেলা চতুর, চুরী
 মৌলভীবাজার।